

সেনসাস ২০০০
এ অংশগ্রহণ করুন

সেনসাস ২০০০ এর ফলাফল আপনার
নিজের, আপনার সন্তানের এবং আপনার
স্থানীয় এলাকার উপর প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

আপনার অংশগ্রহণ খুবই গুরুত্বপূর্ণ!

সেনসাস ২০০০ কি ?

প্রতি ১০ বছর অন্তর সেনসাস ব্যারো সমগ্র আমেরিকার লোক গননা করে থাকে। পরবর্তী গননা হলো “সেনসাস ২০০০” এবং তা অনুষ্ঠিত হবে ১লা এপ্রিল, ২০০০। সরকার, ব্যবসাপ্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সঠিক লোক গননা প্রয়োজন। সেনসাস এর ফরমসমূহ সঠিকভাবে পূরণ, আপনার এলাকায় সঠিক সার্ভিস ও বেনেফিট প্রদান নিশ্চিত করবে।

কি প্রকারে সেনসাস ব্যবহৃত হয়ে থাকে ?

* স্কুলসমূহের জন্য আপনার কমিউনিটি কি পরিমাণ আর্থিক সাহায্য পাবে তা নির্ধারণ করবার জন্য।

* কোন এলাকায় হাসপাতাল, শিশু সেবা কেন্দ্র এবং সড়ক নির্মিত হবে তা নির্ধারণ করবার জন্য।

* ইউ এস হাউস অফ রিপ্রেজেন্টেটিভ-এ আপনার স্টেট থেকে মোট কতজন প্রতিনিধি থাকবে তা নির্ধারণ করতে।

* কর্মী উন্নয়ন প্রকল্পে এবং শিক্ষার্থী খান এর ক্ষেত্রে আর্থিক সাহায্য প্রদান নিশ্চিত করবার জন্য।

* মাইনরিটি, প্রতিবন্ধক ব্যক্তিসকল এবং বয়স্কদের প্রতি ডিসক্রিমিনেশন প্রতিরোধ করবার জন্য।

এই গননা কি করে অনুষ্ঠিত হবে ?

মার্চ ২০০০ এর শুরুতে প্রতিটি বসতবাড়ী সেনসাস সংক্রান্ত একটি চিঠি পাবে। আপনি যদি ইংরেজীর পরিবর্তে চাইনীজ, কোরিয়ান, টেগালগ বা ভিয়েতনামীজ ব্যবহার করতে চান, তবে চিঠির মাধ্যমে আপনি উক্ত ভাষার ফর্ম অনুরোধ করতে পারবেন। ওই মাসের শেষ দিকে আমেরিকার প্রতিটি বসতবাড়ী ডাকযোগে একটি সেনসাস ফর্ম পাবে। সেনসাস ফর্ম বিভিন্ন প্রশ্ন জিজ্ঞেস করবে যেমন আপনার নাম, বয়স, লিঙ্গ, সন্মর্ক, এবং আপনার পরিবার এর সকল সদস্যের ঐতিহ্য।

ফর্ম পূরণ করুন !!!

আইনগত ভাবে সেনসাস এ দেওয়া আপনার সমস্ত প্রশ্নের উত্তর গোপনীয়। এই সমস্ত তথ্যাবলী কোন ব্যক্তি বা সরকারী প্রতিষ্ঠানসমূহ যেমন, ইমিগ্রেশন অ্যান্ড ন্যাচারলাইজেশন সার্ভিস (INS) বা ইন্টারনাল রেভেন্যু সার্ভিস (IRS) কে দেয়া হবে না। সঠিকভাবে ফর্ম পূরণ কেবল আপনার এলাকার উন্নয়নে সাহায্য করবে।